

# জার্মান পররাষ্ট্র দফতরের মুখপাত্রের মন্তব্যের প্রতিবাদ জানিয়েছে ভারত

মার্চ 23, 2024

নয়াদিল্লিতে জার্মান ডেপুটি চিফ অফ মিশনকে আজ তলব করা হয় এবং আমাদের অভ্যন্তরীণ বিষয়ে তাদের পররাষ্ট্র দফতরের মুখপাত্রের মন্তব্যের বিরুদ্ধে ভারতে তীব্র প্রতিবাদ জানানো হয়। আমরা এই ধরনের মন্তব্যকে, আমাদের অর্থাৎ ভারতীয় বিচার প্রক্রিয়ায় হস্তক্ষেপ এবং আমাদের বিচার বিভাগের স্বাধীনতাকে ক্ষুণ্ণ হিসেবে দেখছি।

ভারতবর্ষ আইনের শাসনব্যবস্থাসহ একটি প্রাণবন্ত এবং শক্তিশালী গণতন্ত্র। দেশের সকল আইনি মামলা এবং অন্যান্য গণতান্ত্রিক বিশ্বের মতোই আইন তাৎক্ষণিক বিষয়ে তার নিজস্ব গতিপথ গ্রহণ করবে। এই পরিপ্রেক্ষিতে করা পক্ষপাতমূলক অনুমানগুলি সবচেয়ে অযৌক্তিক।

নতুন দিল্লি

23 মার্চ, 2024